বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
Bangladesh Water Development Board

**প্রধান প্রকৌশলী, মনিটরিং এর দপ্তর**
পানি ভবন, লেভেল-৫, ব্লক-এইচ
৭২ গ্রীনরোড, ঢাকা-১২১৫।
ফোন : ০২২২২২৩০১০০
E-mail: cmonitoring@yahoo.com

**Office of the Chief Engineer, Monitoring**
Pani Bhaban, Level-5, Block-H
72 Green Road, Dhaka-1215.
Phone : 02222230100
E-mail: cmonitoring@yahoo.com

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৭.৭৫.০০১.২০-১০৮৩ তারিখঃ ৩০/১২/২০২০ খ্রিঃ

## দপ্তরাদেশ

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, নদ-নদী, খাল, জলাভূমি/জলাধার ইত্যাদি এর তীরবর্তী জায়গা দখল করে স্থানীয়/ প্রভাবশালী লোকজন অবৈধভাবে শিল্প-কারখানা, দোকানপাট, ঘর-বাড়ি ইত্যাদি নির্মাণ করার মাধ্যমে যেমন নদ-নদী, খাল, জলাভূমি/জলাধার ইত্যাদির প্রবাহ বাধাগ্রস্থ বা প্রবাহ গতিপথ পরিবর্তন বা প্রবাহ বন্ধ করছে তেমনি অবৈধ শিল্প-কারখানা, দোকানপাট, ঘর-বাড়ি ইত্যাদি দূষিত বর্জ্য ও পানি নদ-নদী, খাল, জলাভূমি/জলাধার ইত্যাদিতে পতিত হওয়ার ফলে পানি ও পরিবেশ ব্যাপকভাবে দূষিত হচ্ছে।

জাতীয় পানি নীতি অনুযায়ী পানির মালিকানা রাষ্ট্রের উপর ন্যস্ত, ব্যক্তির উপর নয় এবং নদী ও পানির যে কোন প্রবাহ পথের উপর বিদ্যমান অনুনমোদিত যে কোন কাঠামো অপসারনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা এবং ভবিষ্যতে পানি প্রবাহে বিঘ্ন ও পরিবেশগত বিপর্যয় সৃষ্টিকারী কার্যকলাপ রোধকল্পে পানি ও প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনায় নিয়োজিত সকল সংস্থা ও বিভাগসমূহকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের ক্ষমতা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, স্থানীয়/ প্রভাবশালী লোকজন অবকাঠামো নির্মাণ করার মাধ্যমে নদ-নদী, খাল, জলাভূমি/জলাধার ইত্যাদির প্রবাহ বাধাগ্রস্থ বা প্রবাহ গতিপথ পরিবর্তন বা প্রবাহ বন্ধ করতে না পারে সেদিকে বাপাউবো'র মাঠ পর্যায়ে সকল কর্মকর্তা/কর্মচারীকে সজাগ দৃষ্টি রাখতে হবে। এরুপ পরিস্থিতির উদ্ভব হলে সাথে সাথে জেলা পানি ব্যবস্থাপনা কমিটিকে অবহিত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন পরবর্তী মহাপরিচালক, বাপাউবো মহোদয় সহ উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। নদ-নদী, খাল, জলাভূমি/জলাধার ইত্যাদিতে দূষণ দেখা দিলে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও পরিবেশ অধিদপ্তরকে কার্যকরি ব্যবস্থা গ্রহনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করতে হবে।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

30/12/2020

(মোঃ মনিরুল ইসলাম)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং
বাপাউবো, ঢাকা।

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৭.৭৫.০০১.২০-১০৮৩ তারিখঃ ৩০/১২/২০২০ খ্রিঃ

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)
১. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, সচিবালয়, ঢাকা।
২. উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ (সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরন করা হলো) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)
১. অতিরিক্ত মহাপরিচালক, পূর্ব রিজিয়ন/ পশ্চিম রিজিয়ন/ পরিকল্পনা/ প্রশাসন/ অর্থ, বাপাউবো, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী, পরিকল্পনা/ ডিজাইন/ পানিবিজ্ঞান, বাপাউবো, ঢাকা।
৩. প্রধান প্রকৌশলী/ অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (মাঠ পর্যায়ের সকল) ...........................................।
৪. প্রকল্প পরিচালক, (সকল) ..............................................................................।
৫. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (মাঠ পর্যায়ের সকল) ........................................।
৬. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কোয়ালিটি কন্ট্রোল এন্ড অ্যাসুরেন্স সেল (ইস্ট/ ওয়েস্ট)/ ডিজাইন সার্কেল-১,২,৪,৫,৬,৭,৮,৯/ প্রসেসিং পরিদপ্তর/ পরিকল্পনা-১,২,৩/ মনিটরিং সার্কেল (কাবিখা), বাপাউবো, ঢাকা।
৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৮. পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৯. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
১০. নির্বাহী প্রকৌশলী, (মাঠ পর্যায়ের সকল) .........................।
১১. অফিস কপি/ ফাইল কপি।

30/12/2020

(মোঃ সেলিম গাজী)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর),
প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর
বাপাউবো, ঢাকা।

E:\CE_Monitoring\Forwarding & Note_CEM\Forwarding_2020.docx